ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১২৯
জম্পুইজলা, ৫ আগস্ট, ২০২৫

**৮-১০ আগস্ট জম্পুইজলায় রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জী ফুটবল প্রতিযোগিতা**

আগামী ৮-১০ আগস্ট ৩ দিনব্যাপী রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জী অনুর্ধ ১৭ বছর ছেলেদের ফুটবল প্রতিযোগিতা জম্পুইজলা মহকুমায় অনুষ্ঠিত হবে। এই ফুটবল প্রতিযোগিতাকে সফল করার লক্ষ্যে গতকাল জম্পুইজলা ব্লকের ব্লক পঞ্চায়েত রিসোর্স সেন্টারে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সিপাহীজলা জেলা কার্যালয়ের উপ-অধিকর্তা সমীর দেববর্মা জানান, রাজ্যের আটটি জেলা থেকে ১টি করে এবং স্পোর্টস স্কুল সহ মোট ৯টি ফুটবল টিম প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। এই ফুটবল প্রতিযোগিতা সুধন্বা দেববর্মা স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ের সিনথেটিক টার্ফ ফুটবল মাঠে অনুষ্ঠিত হবে। প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন জম্পুইজলা বি এ সি’র ভাইস চেয়ারম্যান নিরঞ্জন কলই, জম্পুইজলা ব্লকের বিডিও ওবেদ এল ডার্লং, জম্পইজলা ব্লকের অতিরিক্ত বিডিও বীরবাহাদুর রিয়াং এবং জম্পুইজলা মহকুমা কার্যালয়ের বিভিন্ন স্তরের আধিকারিকগণ।

*****